

যাদেরকে আবশ্যিকভাবে রিটার্ন দাখিল করতে হবে

১. যিনি ১২ ডিজিটের টিআইএন গ্রহণ করেছেন;
 ২. করদাতার মোট আয় করমুক্ত সীমা অতিক্রম করলে;
 ৩. আয় বছরের পূর্ববর্তী তিন বছরের যে কোন বছর করদাতার কর নির্ধারণ হয়ে থাকে বা তার আয় করযোগ্য হয়ে থাকে
 ৪. করদাতা যদি কোন কোম্পানির শেয়ারহোল্ডার পরিচালক বা শেয়ারহোল্ডার employee হন;
 ৫. করদাতা যদি কোন ফার্মের অংশীদার হন;
 ৬. করদাতা যদি সরকার অথবা সরকারের কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন, সত্ত্বা বা ইউনিটের বা প্রচলিত কোন আইন, আদেশ বা দলিলের মাধ্যমে গঠিত কোন কর্তৃপক্ষ, কর্পোরেশন,
- সত্ত্বা বা ইউনিটের কর্মচারী (employee) হয়ে আয় বছরের যে কোন সময় ১৬,০০০ টাকা বা তদুর্ধি পরিমাণ মূল বেতন আহরণ করে থাকেন;
৭. করদাতা যদি কোন ব্যবসায় বা পেশায় নির্বাহী বা ব্যবস্থাপনা পদে (যে নামেই অভিহিত হোক না কেন) বেতনভোগী কর্মী (employee) হন;
 ৮. করদাতার আয় কর অব্যাহতি প্রাপ্ত বা হাসকৃত হারে করযোগ্য হয়ে থাকে;
 ৯. করদাতা যদি মোটর গাড়ির মালিক হন (মোটর গাড়ি বলতে জীপ বা মাইক্রোবাসকেও বুঝাবে);
 ১০. করদাতা যদি কোন সিটি কর্পোরেশন, পৌরসভা বা ইউনিয়ন পরিষদ হতে ট্রেড লাইসেন্স গ্রহণ করে কোন ব্যবসা বা পেশা পরিচালনা
 ১১. করদাতার যদি মূল্য সংযোজন কর আইনের অধীন নিবন্ধিত কোন ক্লাবের সদস্যপদ থাকে;
 ১২. করদাতা যদি চিকিৎসক, দস্ত চিকিৎসক, আইনজীবী, চার্টার্ড একাউন্টেন্ট, কন্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট, প্রকৌশলী, স্টপতি অথবা সার্ভিয়ার হিসেবে বা সমজাতীয় পেশাজীবী হিসেবে কোন স্থাকৃত পেশাজীবী সংস্থার নিবন্ধিত হন;
 ১৩. করদাতা যদি আয়কর পেশাজীবী (income tax practitioner) হিসেবে জাতীয় রাজস্ব বোর্ডের নিবন্ধিত হন;
 ১৪. করদাতা যদি কোন বণিক বা শিল্প বিষয়ক চেম্বার বা ব্যবসায়িক সংঘ বা সংস্থার সদস্য হন;
 ১৫. করদাতা যদি কোন পৌরসভা বা সিটি করপোরেশনের কোন পদে বা সংসদ সদস্য পদে প্রার্থী হন;
 ১৬. করদাতা যদি কোন সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা বা কোন স্থানীয় সরকারের কোন টেন্ডারে অংশগ্রহণ করেন;
 ১৭. করদাতা যদি কোন কোম্পানির বা কোন গুপ্ত অব কোম্পানিজের পরিচালনা পর্যবেক্ষণে থাকেন;
 ১৮. করদাতা যদি মটরযান, স্পেস/স্থান, বাসস্থান অথবা অন্যান্য সম্পদ সরবরাহের মাধ্যমে শেয়ারড ইকোনমিক এক্সটিউজে অংশগ্রহণ করেন; এবং
 ১৯. করদাতা যদি লাইসেন্সধারী অন্ত্রের মালিক হন।